# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্য্যালয়

## কলেজ অব টেক্সটাইল টেকনোলজি

**তেজগাঁও, ঢাকা-১২০৮**

## ভর্তি বিজ্ঞপ্তিঃ শিক্ষা বর্ষ ২০০৭-২০০৮

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজ অব টেক্সটাইল টেকনোলজির ২০০৭-২০০৮ শিক্ষা বর্ষে ৪(চার) বৎসর মেয়াদী নিম্নলিখিত কোর্স সমূহে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**কোর্স সমূহ ও আসন সংখ্যা ঃ**

| কোর্সের নাম | আসন সংখ্যা |
|---|---|
| (ক) বি.এসসি. ইন্ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (স্পেশালাইজেশন ইন্ ইয়ার্ন/ ফেব্রিক/ওয়েট প্রসেসিং/এ্যাপারেল ম্যানুফেকচারিং ) | ১৮০ |
| (খ) বি.এসসি. ইন্ টেক্সটাইল ম্যানেজমেন্ট | ৪৫ |
| | মোট - ২২৫ |

**ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের যোগ্যতাঃ**

১। প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহনে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে ।

২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.৫০ (চতুর্থ বিষয় বাদে) পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

৩। (ক) ২০০৭সালে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এইচএসসি কিংবা উহার সমমানের পরীক্ষায় জিপিএ ৩.৫০ (চতুর্থ বিষয় বাদে) সহ গণিত, পদার্থ ও রসায়ন বিষয়ে কমপক্ষে গড় গ্রেড পয়েন্ট ৪.০০ এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।

(খ) ২০০৬ সনে পাশ করা ছাত্র-ছাত্রীদের উপরোক্ত যোগ্যতা থাকলে আবেদন করতে পারবে।

৪। GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে 'B' এবং GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিতে গড়ে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। কোন বিষয়ে 'D' গ্রেড গ্রহন যোগ্য হবে না।

**আবেদন করার নিয়মাবলীঃ**

অফিস চলাকালীন সময়ে নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী অত্র কলেজের হিসাব শাখা হতে নগদ ৫০০/- (পাঁচ শত) টাকা প্রদানপূর্বক ভর্তির ফরম সরাসরি গ্রহন করা যাবে। ভর্তির ফরম যথাযথ ভাবে পূরণ পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে অত্র কলেজের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

- তিন কপি ছবি যথা স্থানে আইকা দিয়ে লাগাতে হবে এবং এক কপি ছবি সত্যায়িত(গেজেটেড অফিসার কর্তৃক) করে ফরমের উপরে ষ্ট্যাপল করতে হবে।
- কোর্সের পছন্দক্রম-এর ঘরে পছন্দ অনুযায়ী অবশ্যই ১ম ও ২য় লিখতে হবে।
- আবেদনকারীকে অবশ্যই স্বহস্তে স্বাক্ষর করতে হবে। ভর্তি পরীক্ষার সময় স্বাক্ষর না মিললে পরীক্ষা দেওয়ার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।
- বোর্ড কর্তৃক ইস্যকৃত এসএসসি ও এইচএসসি পরীক্ষা অথবা সমমানের পরীক্ষার নম্বরপত্রের কপি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)। স্কুল অথবা কলেজ কর্তৃক ইস্যকৃত নম্বর পত্র গ্রহন যোগ্য হবে না।

**আবেদনপত্র বিতরন ও গ্রহনের সময়সূচীঃ**

০২/১০/২০০৭ হতে ০৯/১০/২০০৭ এবং ২২/১০/২০০৭ থেকে ০৮/১১/২০০৭(ছুটির দিন ব্যতিত ) পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা হতে বিকাল ২টা পর্যন্ত।

**ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশঃ**

২০/১১/২০০৭ তারিখ সকাল ১০ টায় কলেজ নোটিশ বোর্ডে ।

**প্রবেশপত্র বিতরণের সময়সূচীঃ**

যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ২১/১১/২০০৭ হতে ২২/১১/২০০৭ তারিখ প্রতিদিন সকাল ৯টা হতে বেলা ২টা পর্যন্ত কলেজের একাডেমিক শাখা হতে বিতরণ করা হবে।

**লিখিত পরীক্ষার বিষয় ও নম্বরঃ**

গণিত - ৬০, পদার্থ - ৬০, রসায়ন - ৬০ ও ইংরেজী - ২০ ; মোট ২০০ নম্বর ।

উপরোক্ত পরীক্ষা ২০০৭ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে ।

**লিখিত পরীক্ষা ও ফল প্রকাশের সময়সূচীঃ**

| পরীক্ষার তারিখ | পরীক্ষার সময়কাল | ফলাফল প্রকাশের তারিখ |
|---|---|---|
| ২৩ / ১১ /২০০৭ (শুক্রবার) | সকাল ১০ টা হতে ১২ টা | ০৩/ ১২ /২০০৭ |

*** ফলাফল অত্র কলেজের নোটিশ বোর্ড এবং www.ctet.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।**

**প্রার্থী নির্বাচনঃ**

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে এসএসসিতে প্রাপ্ত জিপিএ ( চতুর্থ বিষয় বাদে) এর ৮ গুণ এবং এইচএসসিতে প্রাপ্ত জিপিএ (চতুর্থ বিষয় বাদে) এর ১২ গুণ যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

**সংরক্ষিত আসনঃ উপজাতীয় ১ টি ও মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ২ টি (ছাত্র-১ জন ও ছাত্রী-১ জন)**

সংরক্ষিত আসনের জন্য ভর্তির ফরমের উপর "উপজাতীয় /মুক্তিযোদ্ধার সন্তান" কথাটি লিখতে হবে। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে " উপজাতী "এ মর্মে প্রত্যায়নপত্র আবেদনপত্রের সঙ্গে সংযোজন করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/ মাতা প্রকৃত মুক্তিযোদ্ধা এ সম্পর্কে সরকারী বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদন পত্রের সঙ্গে সংযোজন করতে হবে । সংরক্ষিত আসন তিনটি নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত হিসাবে গন্য হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষায় যথারীতি অংশ গ্রহন করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে।

- ভর্তি সম্পর্কে বিস্তারিত তথ্য জানার জন্য অত্র কলেজের রেজিষ্ট্রার এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- ছাত্রদের জন্য ২টি ছাত্রাবাস এবং ছাত্রীদের জন্য ১টি ছাত্রী নিবাসের ব্যবস্থা আছে।
- ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে। কোন প্রার্থী ভর্তির জন্য কোন উপায়ে প্রভাব সৃষ্টি করলে সে ভর্তির অযোগ্য বলে গন্য হবে।

১৮/৯/০৭

অধ্যাপক এম.এ. কাশেম

অধ্যক্ষ (চলতি দায়িত্ব)

ও

চেয়ারম্যান, ভর্তি কমিটি।

B. Observer
24-9-07